

## নতুন বিশ্ববিদ্যালয়?



শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক রবিবার জাতীয় সংসদকে জানিয়েছেন, সরকার জাতীয় বিশ্ববিদ্যালয়ের মতো মাদ্রাসা শিক্ষার জন্য একটি এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা হাতে নিয়েছে। মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে আধুনিক ও যুগোপযোগী করে গড়ে তোলার পরিকল্পনার অংশ হিসাবে এ ব্যবস্থা নেয়া হচ্ছে বলে পত্রিকার খবরে জানা গেছে।

এ জন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ের ডাইরেক্টরকে আহ্বায়ক করে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়। কমিটি তাদের প্রতিবেদন ও সুপারিশ সরকারের কাছে পেশ করেছে।

দেশে একটি ইসলামী বিশ্ববিদ্যালয় আছে। সেই বিশ্ববিদ্যালয়ই মাদ্রাসা শিক্ষার সতল কর্মকাণ্ডে দেবশোনা করে আসছে। এখন আবার আর একটি এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রয়োজন কেন অনুভূত হলো সেটা চিন্তার বিষয়। মাদ্রাসা শিক্ষা আধুনিক ও যুগোপযোগী হোক তা সকলেরই কাম। আজকের আধুনিক যুগে সকলেই চান যে, মাদ্রাসা শিক্ষাও সমসাময়িক আধুনিক শিক্ষার মতো আধুনিক দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে চলুক। এতদিন ইসলামী বিশ্ববিদ্যালয় পাঠ্যক্রম তৈরিসহ অন্যান্য কর্মপরিচালনায় উদাসীন্য প্রদর্শন করেছে এমন কোন খবর পাওয়া যায়নি। তাহলে কেন এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে? এখন থেকে

কি সরকার মাদ্রাসা শিক্ষার ব্যাপারে কোন ভূমিকা রাখবে না? রাখতে পারবে না? উত্তর করা সরকার যে, আধুনিক শিক্ষার পাশাপাশি মাদ্রাসা শিক্ষাও দেশের যোগ্য নাগরিক গড়ে তুলতে অবদান রেখে চলেছে। মাঝে মাঝে মাদ্রাসা শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কাণ্ড ও কারও বিরুদ্ধে কিছু অভিযোগ শোনা গেলেও মাদ্রাসা শিক্ষাকে খাটো করে দেখার অবকাশ নেই। তবে এটা নির্ণয় করতে হবে যে, মাদ্রাসার বিভিন্ন শ্রেণীর বইতে যেন কোন-কিছুর তথ্য না থাকে এবং সব তথ্যই যেন সঠিকভাবে সন্নিবেশিত হয়। কিছুদিন আগে পত্রিকার খবরে জানা গিয়েছিল যে, মাদ্রাসা শিক্ষার দাবিল তবের পাঠ্যপুস্তকগুলো দীর্ঘ ১৮ বছর ধরে হালনাগাদ করার কোন উদ্যোগ দেখা যায়নি। ফলে মাদ্রাসা শিক্ষার্থীরা প্রকৃত তথ্য জানতে পারছে না। এটা অনাকাঙ্ক্ষিত। ইতোপূর্বে শিক্ষা প্রতিমন্ত্রী এইসমূল হুক মিলন বলেছিলেন, ইচ্ছাকৃতভাবেই মাদ্রাসা শিক্ষাকে কোণঠাসা ও পচাংপদ করে রাখার প্রচেষ্টা চালানো হচ্ছে। তবে সরকার এ শিক্ষার উন্নয়ন এবং আধুনিকায়নে অস্বীকার্যবহু

মাদ্রাসা শিক্ষার উন্নয়ন ও আধুনিকায়নে কেউ ঘিমত পোষণ করবেন বলে মনে হয় না। তবে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় যে অনেক গুরুত্বপূর্ণ বিষয়ের স্থান নেই সে কথা নতুন করে বলার অপেক্ষা রাখে না। যেমন মাদ্রাসার ছাত্ররা বাসুগুস্তাই (সাঃ)-এর জীবনী পড়ছে। অথচ জানছে না নবী করিম (সাঃ)-এর বিনয় হজের ভাষণের সঙ্গে আধুনিক মানবাধিকার ধারণার সম্পর্কের কথা। ডা. হাউ মাদ্রাসা শিক্ষাবোর্ডের বিভিন্ন পরীক্ষায় ব্যাপকভাবে নকলের কথা এখন সর্বজনবিদিত। বর্মীয় শিক্ষায় যারা শিক্ষিত হচ্ছে তাদের কাছ থেকে এ ধরনের অপকর্ম দেশবাসী আশা করে না। যাই হোক, এই বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা বাস্তবায়নের আগে সরকারের ইসলামী বিশ্ববিদ্যালয়ের কথাটি বিবেচনাও রাখা উচিত।